

💵 প্রশোত্তরে হজ্জ ও উমরা

বিভাগ/অধ্যায়ঃ তাওয়াফ

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নুরুল ইসলাম

৮১- তাওয়াফে হাজীদের সাধারণত কী কী ভুলক্রটি লক্ষ্য করা যায়?

- (ক) হাজারে আসওয়াদের কাছে এসে দু'হাতে ইশারা দেয়। এটা ভুল। শুদ্ধ হলো এক হাতে দেয়া।
- (খ) রুকনে ইয়ামানী হাত দিয়ে ইশারা করে। এটা করা ঠিক নয়।
- (গ) কিছু লোক তাওয়াফের সময় কাবার চার কোণই স্পর্শ করে। এরূপ করতে যাওয়া ঠিক না।
- (ঘ) তাওয়াফের সময় কেউ কেউ কাবাঘর বা এর গেলাফ মুছে। এ মুছার মধ্যে কোন ফযীলত নেই।
- (৬) কিছু লোক তাওয়াফের সময় দল বেঁধে যিকর ও দোয়া করে। এটা করবেন না।
- (চ) এক শ্রেণীর লোক বেরিকেড দিয়ে দল বেঁধে তাওয়াফ করে। অন্যদেরকে কষ্ট দিয়ে এভাবে তাওয়াফ করা উচিৎ না।
- (ছ) কেউ কেউ মাকামে ইব্রাহীম চুমু দেয় এবং এটাতে হাত দিয়ে মুছে। এসব ভুল কাজ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1604

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন